বাউফলে ইউএনও মো. বশির গাজির অপসারণ দাবিতে বিক্ষোভ

written by Chandradip News24 | November 19, 2024

বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. বশির গাজির অপসারণ এবং তার বিরুদ্ধে দুর্নীতির সুষ্ঠু তদন্তের দাবিতে বিক্ষোভ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা।

মঙ্গলবার (১৯ নভেম্বর) দুপুরে বাউফল সরকারি ডিগ্রি কলেজ থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। পরে মিছিলটি উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে গিয়ে অবস্থান নেয়। সেখানে তারা এক ঘণ্টাব্যাপী বিক্ষোভ প্রদর্শন করেন।

বিক্ষোভে নেতৃত্ব দেওয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মুনতাসির তাসরিফ, রুহুল আমীন, এবং আয়শাতুন্নেছা তাদের বক্তব্যে অভিযোগ করেন, ইউএনও মো. বশির গাজি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ বাণিজ্যে জড়িত। তিনি উপজেলা কৃষি কর্মকর্তার সঙ্গে মিলে কৃষি প্রণোদনার দুই কোটি টাকা আত্মসাৎ করেছেন। তারা বলেন, “এই বিষয়গুলো ইতোমধ্যেই বিভিন্ন গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত হয়েছে।”

শিক্ষার্থীরা আরও অভিযোগ করেন, “তিনবার বদলির আদেশ হওয়া সত্ত্বেও অদৃশ্য কারণে তা কার্যকর হয়নি। সম্প্রতি বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে বদলির প্রজ্ঞাপন জারি হলেও তা স্থগিত করা হয়েছে।”

বিক্ষোভে বক্তারা বলেন, “বাউফলের বিভিন্ন বিদ্যালয়ের সভাপতির দায়িত্ব নিয়ে ইউএনও মো. বশির গাজি শিক্ষক নিয়োগে অনিয়ম করেছেন। আমরা তার দ্রুত অপসারণ দাবি করছি।”

তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, “৪৮ ঘণ্টার মধ্যে ইউএনওকে অপসারণ করা না হলে রবিবার থেকে লাগাতার আন্দোলন এবং উপজেলা পরিষদ ঘেরাও কর্মসূচি পালন করা হবে।”

এদিকে, একই দাবিতে গত রোববার (১৭ নভেম্বর) উপজেলা কৃষক দলের আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম